দৈনিক ইনকিলাব

তারিখ ... ২৬-Mar-1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২

## কম্পার্টমেন্টাল পরীক্ষা

চিঠিপত্র

১৯৮৯ সাল হতে এইচএসসি পরীক্ষায় কম্পার্টমেন্টাল পদ্ধতি চালু করা হয়েছে। এ পদ্ধতিতে যারা পাস করে থাকে তাদের কোন ডিভিশন দেয়া হয় না। এটা অত্যন্ত দুঃখজনক।

অন্যান্য দেশের তুলনায় আমাদের দেশে শিক্ষার হার এমনিতেই অনেক কম। যারা সব বিষয় পরীক্ষা দিয়ে দুর্ভাগ্যবশতঃ এক বিষয়ে ফেল করে থাকে তাদের অনেকেই পরবর্তী বছরে ঐ এক বিষয়ে পরীক্ষা দিয়ে কম্পার্টমেন্টালে পাস করে থাকে। এদের মধ্যে অনেক শিক্ষার্থীর ভালো নম্বর থাকলেও তাদের কোন ডিভিশন দেয়া হয় না।

যে জাতি যত বেশী শিক্ষিত সে জাতি তত বেশী উন্নত— কথাটি আমরা সবাই জানি। সুতরাং আমাদের দেশকেও উন্নত করতে হলে শিক্ষিত জনসমষ্টির পরিমাণ আরো বৃদ্ধি করেত হবে। যদি কম্পার্টমেন্টাল পদ্ধতিতে পাস করা শিক্ষার্থীদের অথবা শুধুমাত্র প্রথম বিভাগ নম্বর পাওয়া শিক্ষার্থীদের ডিভিশন দেয়ার ব্যবস্থা করা যায়, তবে এতে শুধু তারা নিজেরাই উপকৃত হবে না পাশাপাশি শিক্ষার হার এবং মানও বৃদ্ধি পাবে। এরূপ পরীক্ষা পদ্ধতিতে যারা পরবর্তীতে পাস করবে তারা যদি কোন ডিভিশন না পায় তবে তাদেরও একই করুণদশা হবে। তাই শিক্ষা মন্ত্রণালয়ের বিষয়টি বিবেচনা করে দেখা উচিৎ। আর তা যদি সম্ভব না হয় তবে এরূপ পরীক্ষা পদ্ধতি বন্ধ করে দেয়াই শ্রেয়। আশা করি কর্তৃপক্ষ বিষয়টি ভেবে দেখবেন।

— ফাহীম নাজ শুভ্রা